

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
(বোর্ড প্রশাসন-১ শাখা)


নথি নং-০৮.০১.০০০০.০০১.০১.০০২.১৭/১৮৭

তারিখঃ ০৫ ভাদ্র, ১৪২৪
২০ আগস্ট, ২০১৭

বিষয় : বন্যা দুর্গতদের সহযোগিতার লক্ষ্যে জাতীয় রাজস্ব বোর্ড ও এর আওতাধীন সকল কমিশনারেট/অধিদপ্তর/পরিদপ্তর-এ কর্মরত কর্মকর্তা এবং কর্মচারীদের ১(এক) দিনের বেতন মাননীয় প্রধানমন্ত্রীর ত্রাণ তহবিলে প্রদান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, সারাদেশে বন্যা দুর্গতদের সহযোগিতার লক্ষ্যে জাতীয় রাজস্ব বোর্ড ও এর আওতাধীন সকল কমিশনারেট/অধিদপ্তর/পরিদপ্তর-এ কর্মরত কর্মকর্তা এবং কর্মচারীদের ১(এক) দিনের মূল বেতন মাননীয় প্রধানমন্ত্রীর ত্রাণ তহবিলে প্রদান করা হবে মর্মে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে।

০২। এমতাবস্থায়, আগামী ২২/০৮/২০১৭ তারিখ বিকাল ৫.০০ ঘটিকার মধ্যে জাতীয় রাজস্ব বোর্ড ও এর আওতাধীন সকল কমিশনারেট/অধিদপ্তর/পরিদপ্তর-এ কর্মরত কর্মকর্তা এবং কর্মচারীদের ১(এক) দিনের মূল বেতন (নগদে) কর্তন বিবরণীসহ দ্বিতীয় সচিব (বোর্ড প্রশাসন-১), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকার বরাবর প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


(ড. আবদুর রহিম)
প্রথম সচিব (বোর্ড প্রশাসন)

প্রাপক :

- ১। সদস্য (সকল), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
- ২। কমিশনার (সকল), আয়কর/মূসক/শুল্ক।
- ৩। মহাপরিচালক (সকল), আয়কর/মূসক/শুল্ক।
- ৪। পিএস টু চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।